



বাউবি/পরীক্ষা/এইচএসসি/১৩৪/৯৯/৭৯৯

তারিখ: ০৮/০৩/২০২০ খ্রি:

প্রাপক :

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা

এইচএসসি পরীক্ষা-২০২০

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

সকল পরীক্ষা কেন্দ্র।

বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০২০ এর কেন্দ্র তালিকা ও সময়সূচি প্রেরণ প্রসঙ্গে।


জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০২০ আগামী ১৭/০৪/২০২০ খ্রি: তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষা অনুষ্ঠানের জন্য আপনার স্টাডি সেন্টারকে পরীক্ষা কেন্দ্র হিসেবে নির্বাচন করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রের তালিকা ও পরীক্ষার সময়সূচি এতদসাথে প্রেরণ করা হ'ল। পরীক্ষার সময়সূচি ও পরীক্ষা কেন্দ্র নির্বাচন সংক্রান্ত বিষয়টি শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল।

২। পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে আপনার কেন্দ্রের জন্য যাবতীয় কাগজপত্র ইতোমধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে (মূলখাতা, অতিরিক্ত খাতা, টপশীট, প্রশ্নপত্র খোলার ঘোষণাপত্র, গোপনীয় রিপোর্ট ফরম ইত্যাদি) প্রেরণ করা হয়েছে। পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য আপনার কেন্দ্রের জন্য নির্ধারিত কেন্দ্র ফি যথাসময়ে আঞ্চলিক কেন্দ্র থেকে প্রদান করা হবে।

৩। পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে কোন ধরণের জটিলতা বা সমস্যা দেখা দিলে সে বিষয়টি তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। বাউবি'র আঞ্চলিক কেন্দ্র, উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্থানীয় প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল।

*daiana*  
০৮/৩/২০২০  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। পুলিশ সুপার (সকল)।
- ৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৪। আঞ্চলিক পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
- ৫। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ৭। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, কো-অর্ডিনেটিং অফিস, বাউবি।
- ৮। উপ-পরিচালক, প্রো-উপাচার্য -এর দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সংরক্ষণ নথি।